# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## Internet ব্যবহার নীতিমালা।

**ভুমিকাঃ**

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কাজ সুষ্ঠভাবে এবং দ্রুত ও স্বচ্ছতার সাথে পরিচালনার জন্য কুয়েট LAN এর গুরুত্ব অপরিহার্য্য। বর্তমানে কুয়েটের Backbone Network টি সেন্ট্রাল কম্পিউটার সেন্টার হতে Optical Fiber Cable দ্বারা Distribution Switch এর মাধ্যমে বিভিন্ন বিভাগ/সেকশনের সংঙ্গে সংযুক্ত আছে। দেশের ভিতর ও বহির্বিশ্বের সাথে যোগাযোগের জন্য কুয়েটের LAN টি BTCL এর লাইন দ্বারা Internet এর সাথে সংযুক্ত। বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অফিস/সেকশনে সুষ্ঠ এবং দক্ষতার সাথে Internet সুবিধা প্রদানের লক্ষ্যে Internet ব্যবহারের একটি যুগোপযোগী নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

**সংজ্ঞাঃ**

ক. শিক্ষক বলতে KUET এর সকল শিক্ষককে বুঝাবে।
খ. কর্মকর্তা বলতে KUET এর সকল প্রথম শ্রেণীর কর্মকর্তাকে বুঝাবে।
গ. শিক্ষার্থী বলতে KUET এর সকল শিক্ষার্থীকে বুঝাবে।
ঘ. CCC বলতে Central Computer Center কে বুঝাবে।
ঙ. LAN বলতে Wired LAN বুঝাবে, Wi-Fi বলতে Wireless LAN বুঝাবে।

### ১. Internet সংযোগের নীতিমালাঃ

#### ১.১ শিক্ষক/কর্মকর্তাঃ

১.১.১। একজন শিক্ষক/কর্মকর্তা LAN/Wi-Fi সংযোগ পেতে হলে কম্পিউটার-এর MAC Address CCC-এ জমা দিতে হবে। MAC Address জমা দান ব্যতীত LAN/Wi-Fi সংযোগ প্রদান করা হবে না।

১.১.২। আবেদন সাপেক্ষে LAN সংযোগের জন্য একজন শিক্ষক সর্বোচ্চ ০৪টি এবং একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা ২টি IP Address পাবেন। এ ছাড়াও একজন শিক্ষক Wi-Fi সংযোগ পাবেন।

#### ১.২ অফিস প্রধানঃ

১.২.১। আবেদন সাপেক্ষে অফিস প্রধান অফিসে ব্যবহারের জন্য একটি IP পাবেন।

#### ১.৩ শিক্ষার্থীঃ

১.৩.১। একজন শিক্ষার্থী Sessional Class সহ তাদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত Computer-এ Internet ব্যবহারের সুযোগ পাবে। Internet Connection এর জন্য User ID ও Password এর প্রয়োজন হবে যা Prescribed Form পূরন সাপেক্ষে CCC থেকে পাওয়া যাবে।

১.৩.২। Wi-Fi সংযোগ পাবার জন্য MAC Address উল্লেখ করে Prescribed Form-এ Registration করতে হবে। একজন শিক্ষার্থী শুধু মাত্র একটি MAC Registration করতে পারবে।

#### ১.৪ ল্যাবরেটরীঃ

১.৪.১। বিভাগীয় প্রধানের আবেদন সাপেক্ষে শুধু মাত্র Academic কাজের জন্য একটি ল্যাবরেটরীতে সর্বোচ্চ ৪০টি Computer-এ Internet সংযোগ দেওয়া হবে।

১.৪.২। আবেদন সাপেক্ষে একাধিক ল্যাবরেটরীতে Internet সংযোগ দেওয়া যাবে।

### ২. সাধারন নীতি সমূহঃ

২.১। KUET Network মূলত শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কাজ পরিচালনার জন্য ব্যবহৃত হবে।

২.২। একজন ইন্টারনেট ব্যবহারকারী CCC এর অনুমতি ছাড়া কোন ভাবেই তার IP Address ও Gateway পরিবর্তন করতে পারবেনা।

২.৩। KUET এর Internet সুবিধা ব্যবহার করে রাষ্ট্রদ্রোহী/ধর্মবিদ্বেষী ও অনাকাংক্ষিত তথ্য আদান প্রদান করা যাবে না। এরুপ পরিস্থিতিতে ব্যবহারকারী দায়ী থাকবেন।

২.৪। অনুমোদন বিহিন Software অথবা ফাইল KUET Network ব্যবহার করার ক্ষেত্রে ব্যবহারকারী দায়ী থাকবেন।

২.৫। KUET নেটওয়ার্ক ব্যবহার করে কম্পিউটার সিষ্টেম ক্ষতিকারক ভাইরাস এবং ইলেকট্রনিক যোগাযোগের সিস্টেমের নিরাপত্তা বিঘ্নিত করে এমন কর্মকান্ড করা যাবে না।

10.12.12 10/12/12 Md. Mashud 10/12/12

## ৩. CCC-এর ভুমিকাঃ

৩.১। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে CCC কর্তৃপক্ষ, Internet এর সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে যে কোন website সাময়িক/স্থায়ীভাবে বন্ধ করতে পারবে।

৩.২। Registration প্রক্রিয়া এবং MAC ভিত্তিক Authentication প্রক্রিয়া CCC কর্তৃপক্ষ নিয়ন্ত্রন করবে।

৩.৩। CCC-এর কর্তৃপক্ষকে অবহিত করা ছাড়া KUET Backbone Network-এ কোন প্রকার Internet সংযোগ দেওয়া যাবে না। এরুপ সংযোগকারীর বিরুদ্ধে CCC কর্তৃপক্ষ ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন।

৩.৪। সাধারণ ভাবে আবেদন করার ২ কর্মদিবসের ভিতর LAN/Wi-Fi সংযোগ প্রদান করা হবে।

৩.৫। এই নীতিমালায় উল্লেখ নেই এমন কিছু ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমতিতে চেয়ারম্যান CCC, বাস্তবায়ন করবেন।

## ৪. Internet নীতিমালা সংশোধনীঃ

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদন ক্রমে CCC-এর চেয়ারম্যান প্রয়োজনীয় ক্ষেত্রে এই নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন/ পরিমার্জন করতে পারবেন।

10.12.12
(জনাব, মোহাম্মদ সালেকুল ইসলাম)
সিস্টেমএনালিষ্ট
কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার
ও
সচিব
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(ড. মো. আমিনুল হক আকন্দ)
সহযোগী পরিচালক
আইআইসিটি
ও
সদস্য
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যাল

Md. Mashud 10/12/12
(প্রফেসর ড. মুহাম্মদ মাছুদ)
বিভাগীয় প্রধান
যন্ত্রকৌশল বিভাগ
ও
সদস্য
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

10.12.12
(প্রফেসর ড. কে এম আজাহারুল হাসান)
বিভাগীয় প্রধান
সিএসই বিভাগ
ও
সদস্য
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মো. ওসমান গণি)
বিভাগীয় প্রধান
ইসিই বিভাগ
ও
সদস্য
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যাল

10/12/12
(প্রফেসর ড. খো: মো. শফিউল ইসলাম)
বিভাগীয় প্রধান
পুরকৌশল বিভাগ
ও
সদস্য
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

10.12.12
(প্রফেসর ড. মুহা. রফিকুল ইসলাম)
চেয়ারম্যান
কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার
ও
সভাপতি
ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন কমিটি।
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়